

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

তারিখ: ৩০-০৬-২০২৪খ্রি.

স্মারক নং: ১২.২১.০০০০.০০৫.৬২.০০৩.১৮.৫৬৫০

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বারি, গাজীপুর।

বিষয়ঃ আইন উপদেষ্টা (খন্ডকালীন) নিয়োগ বিজ্ঞপ্তি বারি ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আইন উপদেষ্টা (খন্ডকালীন) এর শূন্য পদ পূরণের নিমিত্ত “আইন উপদেষ্টা (খন্ডকালীন)” নিয়োগ বিজ্ঞপ্তি (কপি সংযুক্ত) বারি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
Bangladesh Agricultural Research Institute
Gazipur-1701

কৃষিই সমৃদ্ধি

PABX : 02-49270041-8
Phone : 02-49270000
Fax No. : 02-49270201
E-mail : dg.bari@bari.gov.bd
Web : www.bari.gov.bd

স্মারক নং: ১২.২১.০০০০.০০৫.৬২.০০৩.১৮.৫৬৪৮

তারিখ: ৩০-০৬-২০২৪খ্রি.

আইন উপদেষ্টা (খন্ডকালীন) নিয়োগ বিজ্ঞপ্তি

মাসিক পাঁচ হাজার টাকা “**রিটেইনার ফি**” এর ভিত্তিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে ০২ (দুই) বছরের জন্য একজন আইন উপদেষ্টা (খন্ডকালীন) নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবেঃ

- ১) একজন আইনজীবী হিসেবে ৫ (পাঁচ) বৎসরের হাইকোর্ট ডিভিশনে কাজ করার অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ (দশ) বৎসরের প্রাকটিসের অভিজ্ঞতা এবং আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে;
- ২) সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপিল বিভাগে মামলা পরিচালনার সনদপত্র;
- ৩) আইন পেশায় নিয়োজিত অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণও আবেদন করতে পারবেন।

ইচ্ছুক প্রার্থীদেরকে সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) বয়স (জন্ম তারিখসহ) (জ) প্রাকটিস আরম্ভ করার তারিখ (ঝ) কোর্টের নাম (দেওয়ানী/ফৌজদারী/রিট/রিভিশন/কনেটম্পট/আপিল/রিভিউ/বিবিধ) উল্লেখসহ বিস্তারিত বিবরণ এবং সম্প্রতি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আবেদন করতে হবে।

ইনস্টিটিউটের পক্ষে পরিচালিত নিম্ন ও উচ্চ আদালতে মামলার হাজিরা, জবাব দাখিল, শুনানী, প্লেইন্ট এর খসড়া তৈরী ও দাখিল, কনটেম্পটের জবাব দাখিল, আপিল ও রিভিউ দাখিল, আপিল ও রিভিউ এর জবাব দাখিল, নথিতে মতামত প্রদান ইত্যাদি বিষয়ে দাবীকৃত ফিসের হার আইটেম-ওয়ারী আবেদনপত্রের সাথে উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনটি অসম্পূর্ণ বলে বিবেচিত হবে। আবেদনকারীকে হাইকোর্টে চেম্বার, সহকারী ও অন্যান্য সুবিধা প্রদানে সক্ষম হতে হবে এবং আবেদনে তা উল্লেখ করতে হবে।

আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১ বরাবরে আগামী ২১-০৭-২০২৪খ্রি. তারিখে অথবা তৎপূর্বে পৌছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

উপ-পরিচালক (প্রশাসনা)

মহাপরিচালকের পক্ষে

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১